গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর(ইইডি)
চাঁপাইনবাবগঞ্জ।
www.eed.chapainawabgonj.gov.bd

# মাঠপর্যায়ের উন্নয়নমূলক কাজের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:-

সভাপতি ঃ- মোঃ রাকিবুল আহসান
নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ
তারিখ ও সময় ঃ- ৩০/০৩/২০২৩, সকাল ১০:৩০ মিনিট।
সভার স্থান ঃ- নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ- পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| আলোচ্য বিষয় | ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | ১ | মালামাল পরীক্ষার গুণগত মান নিশ্চিতকরণ প্রসঙ্গে | ১. নির্মাণ সাইটে ঢালাই শুরু হওয়ার পূর্বেই নির্মাণ সামগ্রীর গুণগতমানের পরীক্ষার সনদপত্র নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে দাখিল করতে হবে।<br><br>২. নির্মাণ সামগ্রীর গুণগতমানের পরীক্ষার সনদপত্র সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলীর নিকট একটি করে ছায়ালিপি ফাইলে সংরক্ষণ করবেন।<br><br>৩. নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে কর্মরত উপ-সহকারী প্রকৌশলীর নিকট একটি ছায়ালিপি নথিভুক্ত থাকবে এবং তিনি রিপোর্টের সঠিকতা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>৪. সহকারী প্রকৌশলীগণ নির্মাণ সামগ্রীর গুণগতমান পরীক্ষার জন্য নির্মাণ সামগ্রীর স্যাম্পল তাঁর মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে মাঠ পর্যায় হতে সংগ্রহ পূর্বক বস্তাবন্দি করার ব্যবস্থা করবেন এবং নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের সকল প্রকৌশলীগণের মতামতের ভিত্তিতে মনোনীত ব্যক্তি জনাব ইসমাইল হোসাইন (অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক) প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে স্যাম্পল পরিবহন করবেন এবং রিপোর্ট গ্রহনসহ রিপোর্ট সংক্রান্ত আনুষঙ্গিক দায়িত্ব পালন করবেন।<br><br>৫. সহকারী প্রকৌশলীগণ উপস্থিত থেকে নির্মাণ সামগ্রীর স্যাম্পল অবশ্যই সীলগালা/মুখ বন্ধ বস্তায় প্রেরণ করার ব্যবস্থা করবেন।<br><br>৬. পূর্ত কাজের ক্ষেত্রে নির্মাণ সামগ্রীর গুণগত মানের পরীক্ষার সনদপত্র অত্র কার্যালয়ে দাখিল ব্যতীত যে কোন প্রকার ঢালাই কাজের তারিখ চূড়ান্ত করা যাবে না।<br><br>৭. সকল প্রকার ঢালাই এ আবশ্যিকভাবে সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী স্বশরীরে উপস্থিতি নিশ্চিত করবেন।<br><br>৮. নির্মাণ সামগ্রীর গুণগত মান যাচাই এর জন্য নিম্নোক্ত পরীক্ষা সমূহ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>Cement Test:<br>1. Initial Setting time<br>2. Final Setting time<br>3. Finess Test<br>4. Consistency Test<br><br>Rebar Test:<br>1. Actual bar dia<br>2. Unit Weght test<br>3. Yield Strength test<br>4. Ultimate Strength test<br>5. Elongation<br>6. Bend Test<br><br>Concrete Test:<br>1. Cylender Compressive strength test<br><br>Bricks Test:<br>1. Water Absorption Test<br>2. Crushing Strength test<br><br>Stone Chips:<br>1. ACV/Abration test<br>2. Gradation | সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | Sand Test:<br>1. FM (Fineness Modulus) | |
| | ২ | পরিচালন বাজেটের আওতায় মেরামত ও সংস্কার কাজের কর্মসূচি ও প্রাক্কলন প্রেরণ প্রসঙ্গে | ১. কর্মসূচি সমূহের প্রস্তুতিতে সহকারী প্রকৌশলীগণকে নিবিড় তত্ত্বাবধানের নির্দেশ প্রদান করেন।<br><br>২. ২০২২-২৩ অর্থবছরের পরিচালন বাজেটের আওতায় কর্মসূচির আলোকে প্রাক্কলন প্রস্তুত করে প্রধান কার্যালয়ের নির্দেশিত সময়ের মধ্যে অগ্রায়নপত্র সহ জমাদানের নির্দেশ প্রদান করেন। | সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী |
| | ৩ | জুন/২০২৩ পর্যন্ত চাহিদা প্রেরণ প্রসঙ্গে | ১. চাহিদা নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং অগ্রীম বিল প্রদান না করার জন্য সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলীগণকে নির্দেশ প্রদান করেন।<br><br>২. সহকারী প্রকৌশলীগণকে প্রত্যেক প্রকল্পের আর্থিক চাহিদা যথাযথভাবে যাচাইপূর্বক চাহিদা তৈরি এবং অত্র কার্যালয়ে জমাদানের নির্দেশ দেন। | |
| | ৪ | রেজুলেশন প্রসঙ্গে | ১. সকল নির্মাণ/আসবাবপত্র সরবরাহ কাজে রেজুলেশন তৈরির বিষয়ে সহকারী প্রকৌশলীগণকে যথাযথ নিয়ম অনুসরণ করতে নির্দেশ প্রদান করেন। | |
| | ৫ | বিল প্রসঙ্গে | ১. আসবাবপত্র কাজের কোন প্রকার চলতি বিল দাখিল করা যাবে না।<br><br>২. মেরামত ও সংস্কার কাজের ক্ষেত্রে ১০ লক্ষ টাকার নিচের যে কোন চলতি বিল অত্র কার্যালয়ে দাখিল না করার জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত কাজের চূড়ান্ত বিল দাখিল করবেন। | |
| | ৬ | সাইট পজিশন প্রসঙ্গে | ১. সাইট পজিশন গ্রহণের সাত দিনের মধ্যে সাইট পজিশন সনদ অত্র কার্যালয়ে পৌছাতে হবে। | |
| | ৭ | ব্যবহৃত মালামালের স্যাম্পলিং প্রসঙ্গে | নির্মাণ কাজে ব্যবহার করা হবে এমন মালামাল যেমন- মোজাইক, দরজার চৌকাঠ, পাল্লা, জানালার আইটেমসমূহ, স্যানিটারী, ইলেকট্রিক্যাল আইটেম, হোয়াইট বোর্ডের আইটেমসমূহ ইত্যাদি কাজ বাস্তবায়নের পূর্বে প্রতিক্ষেত্রেই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে। না হলে সেই কাজের বিল পরিশোধ কোন ভাবেই করা যাবে না। | সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী |

২.০ সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে উপরোক্ত আলোচিত বিষয়গুলি সতর্কতার সাথে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করেন। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট প্রকৌশলীগন এর দায়ভার বহন করবেন। এই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(মোঃ রাকিবুল আহসান)
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।
ও
সভাপতি
মাঠ পর্যায়ের উন্নয়নমূলক কাজের মাসিক পর্যালোচনা সভা
ফোনঃ ০২৫৮৮৮৯৩১৪৮
e-mail: ee_chap@eedmoe.gov.bd

স্মারক নং- ৩৭.০৭.৭০০০.০০০.০৩.০০০.২০২৩.১৯৪/১ তারিখ: ৩০/০৩/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য কার্যার্থে প্রেরিত হলো:
০১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী।
০৩। উচ্চমান সহকারী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
০৪। বিতরন (উপস্থিত সকল সদস্যবৃন্দ)।
০৫। অফিস কপি।

(মোঃ রাকিবুল আহসান)
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।
ও
সভাপতি
মাঠ পর্যায়ের উন্নয়নমূলক কাজের মাসিক পর্যালোচনা সভা
ফোনঃ ০২৫৮৮৮৯৩১৪৮
e-mail: ee_chap@eedmoe.gov.bd